

কসবায় ১৪৪ কেজি গাঁজাসহ গ্রেপ্তার ১



গোপন সংবাদের ভিত্তিতে ২০ ডিসেম্বর ২০১৬ তারিখ ভোররাতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ব্রাহ্মণবাড়িয়া সার্কেল পরিদর্শক দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান এর নেতৃত্বে কসবা পুরাতন বাজারস্থ পৌর ভবন এলাকায়

অভিযান পরিচালনা করে ১৪৪ কেজি গাঁজাসহ মোসলেম নামক একজনকে হাতে নাতে গ্রেপ্তার করা হয়। গাঁজাগুলো ছয়টি চটের বস্তায় ১২ টি করে মোট ৭২ টি স্কচটেপে মোড়ানো প্যাকেটের মধ্যে ছিল। প্রত্যেক প্যাকেটে দুই কেজি করে গাঁজা ছিল। গাঁজাগুলো রাজধানী ঢাকায় নেয়ার উদ্দেশ্যে কসবা সীমান্ত দিয়ে পাচার করা হয়েছিল। এ ব্যাপারে কসবা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।